বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
সরেজমিন বিভাগ, সম্প্রসারণ শাখা
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫১২.১৮.২৫৪.২৫- ১০৬৬১

তারিখ: ১১ অগ্রহায়ন ১৪৩২
২৬ নভেম্বর ২০২৫

বিষয়: সদাবিক এর কিস্তি খেলাপী রোধ, মেয়াদোত্তীর্ণ ঋণ আদায় এবং মনিটরিং জোরদারকরণ সংক্রান্ত।

বিআরডিবি'র আওতায় চলমান কর্মসূচিসমূহের মধ্যে "সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি" দারিদ্র্য বিমোচনের জন্য একটি ব্যতিক্রমী কর্মসূচি। পল্লী এলাকার বিত্তহীন জনগোষ্ঠীকে (পুরুষ ও মহিলা) অনানুষ্ঠানিক দলভুক্ত করে আত্মকর্মসংস্থান সৃষ্টি, জীবন যাত্রার গুণগত মান উন্নয়ন, প্রশিক্ষণ ও সঞ্চয় জমার মাধ্যমে আয়বর্ধনমূলক কর্মকান্ডভিত্তিক ঋণ কার্যক্রম পরিচালনা, মানব সম্পদ উন্নয়ন, মহিলাদের সচেতনতা বৃদ্ধি ও ক্ষমতায়নের সুযোগ সৃষ্টি কর্মসূচির মূল উদ্দেশ্য।

০২। কর্মসূচী'র সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনায়নের লক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের উপস্থিতিতে বিগত ১৬/১০/২০২৫ তারিখে অনুষ্ঠিত সিআরএম-এর ২য় সভায় গৃহীত সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে নিম্নের নির্দেশনাসমূহ অনুসরণপূর্বক কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো:

কিস্তি খেলাপী রোধে করণীয়:

(ক) সদস্যদের সময়মতো কিস্তি পরিশোধে উদ্বুদ্ধ করতে নিয়মিত যোগাযোগ ও উঠান বৈঠকের আয়োজন;
(খ) কিস্তি আদায়ে দায়িত্বপ্রাপ্ত মাঠ কর্মীদের সিডিউল অনুযায়ী ভিজিট;
(গ) সময়মতো কিস্তি পরিশোধ না করলে প্রথম পর্যায়ে মৌখিকভাবে ও পরবর্তীতে লিখিতভাবে সমিতি/দল নিশ্চিতকরণ তাগিদ প্রদান;

মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়ে করণীয়:

(ক) মেয়াদোত্তীর্ণ ঋণ গ্রহীতাদের তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর মাধ্যমে দলবদ্ধভাবে তাগাদা প্রদান এবং তাৎক্ষণিক ঋণ আদায়ের উদ্যোগ;
(খ) ঋণ আদায়ের ক্ষেত্রে বিশেষ কোন অসুবিধার সম্মুখীন হলে উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা গ্রহণ;
(গ) আদায় কার্যক্রম ব্যর্থ হলে পত্রের মাধ্যমে অবহিতকরণ এবং প্রয়োজনীয় আইনি নোটিশ প্রদান;
(ঘ) সর্বোপরি খেলাপি ঋণ গ্রহীতার বিরুদ্ধে সার্টিফিকেট মামলাসহ স্থানীয়ভাবে প্রযোজ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ।

মনিটরিং জোরদারকরণে করণীয়:

(ক) ঋণ কার্যক্রমের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করতে সরেজমিনে ঋণের ব্যবহার পর্যবেক্ষণ ও উপজেলা দপ্তরে দাখিলকৃত তথ্যাদি যাচাইকরণ;
(খ) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর মাধ্যমে সদস্যদের কর্মকান্ড নিয়মিত (প্রযোজ্য ক্ষেত্রে) পরিদর্শন বাধ্যতামূলককরণ;
(গ) শতভাগ সমিতি/দলে ডব্লিউসিএস (WCS) এর ব্যবহার নিশ্চিতকরণ;
২০১০ সালের পূর্বের খেলাপী ঋণ আদায়ের জন্য সুদ মওকুফ সুবিধা ব্যবহারের নিমিত্ত সদস্যদের সাথে নিবিড় যোগাযোগ বৃদ্ধি; কুঋণ সমন্বয়; ক্র্যাশ প্রোগ্রাম; সঞ্চয়ের হতে সমন্বয় করে ঋণ আদায়করণ;
(ঘ) জেলা মাসিক সমন্বয় সভায় দল খেলাপী মুক্তকরণের নিমিত্ত সুনির্দিষ্টভাবে খেলাপীমুক্তকরণের দলের নাম ও টাকার পরিমাণ উল্লেখ করে মাসে ন্যূনতম একটি দলের লক্ষ্যমাত্রা প্রদান এবং ইউআরডিও কর্তৃক নিবীড় তদারকিকরণের মাধ্যমে দল খেলাপীমুক্তকরণ;
(ঙ) যে সকল দলের ঋণ দীর্ঘদিন যাবত আদায় হয় না; সেসকল দলে ক্র্যাশ প্রোগ্রাম করে সকল সদস্যের নিকট তাগাদা প্রদান করতে হবে; প্রয়োজনীয় ক্ষেত্রে একই সমিতিতে একাধিক্রমে ২/৩ দিন ভ্রমন করে ১০০% সদস্যের নিকট ঋণ পরিশোধের তাগাদা প্রদান করে ঋণ আদায়ের ব্যবস্থা করতে হবে;
(চ) বারবার তাগাদা প্রদান সত্বেও সে সকল দল হতে ঋণের টাকা আদায় হয় না; সেসকল দলে যুগপতভাবে ইউআরডিও, ওসি ও উপজেলা নির্বাহী অফিসার এর মাধ্যমে নোটিশ প্রদান করে আদায়ের ব্যবস্থা করতে হবে;
(ছ) উপপরিচালগণ উপজেলা ভ্রমণের সময় আবশ্যিকভাবে কমপক্ষে ০১ টি খেলাপী সমিতি ভ্রমণ করবেন এবং সদস্য পাশবহির সাথে ডব্লিউসিএস (WCS) যাচাইআন্তে ডব্লিউসিএস (WCS) এর উপর প্রত্যয়ন দিবেন।

০৩। উল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৬/১১/২৫

মোহাম্মদ মনোয়ার উজ জামান
পরিচালক (সরেজমিন)

উপপরিচালক, জেলা দপ্তর (সকল)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

অনুলিপি: অবগতি ও কার্যার্থের জন্য প্রেরণ করা হলো।

(১) যুগ্মপরিচালক (সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প), বিআরডিবি, ঢাকা।
(২) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
(৩) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), বিআরডিবি।